# সমগ্র অসমে
# রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী
## উন্নীতকরণ প্রক্রিয়ার ১ম পর্য্যায়ের কাজ শুরু হয়েছে...

NRC
NATIONAL REGISTER OF CITIZENS

- সব জেলাগুলোতে ২৫০০ এন এস কে (নাগরিকপঞ্জী সেবা কেন্দ্র) খোলা হয়েছে; যেমন উপলব্ধ সেই অনুযায়ী, সমগ্র রাজ্যের ১৯৫১ সনের রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী এবং ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি)র পূর্বে প্রকাশিত ভোটার তালিকাসমূহের তথ্য প্রত্যেকটি নাগরিকপঞ্জী সেবা কেন্দ্রে (এন এস কে) কম্পিউটারসম্ভূতরূপে মজুত আছে।
- যেমন উপলব্ধ সেই অনুযায়ী, ১৯৫১ সনের রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীর এবং ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি)র পূর্বে প্রকাশিত ভোটার তালিকাসমূহের মুদ্রিত প্রতিলিপি নাগরিকপঞ্জী সেবা কেন্দ্রে (এন এস কে) এবং ভোটগ্রহণ কেন্দ্রগুলোয় প্রকাশিত হয়েছে।
- যেমন উপলব্ধ সেই অনুযায়ী, ১৯৫১ সনের রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী এবং ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রির) পূর্বে প্রকাশিত ভোটার তালিকাসমূহের কম্পিউটারসম্ভূত তথ্য অনলাইন (ওয়েবসাইট - nrcassam.nic.in)এ আপলোড করা হয়েছে।

**আপনার পূর্বপুরুষের নাম এবং তথ্য-পাতি দেখার জন্য নিকটবর্ত্তী এন আর সি সেবা কেন্দ্র বা ভোটগ্রহণ কেন্দ্রে আসুন অথবা এন আর সি ওয়েবসাইট দেখুন ...**


### রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী উন্নীতকরণের সম্পূর্ণ প্রক্রিয়াটি নিম্নলিখিত পর্য্যায়ে সম্পন্ন করা হবে -

- লিগেসি ডাটা প্রকাশের পর্য্যায়
- আবেদনপত্র গ্রহণের পর্য্যায়
- পরীক্ষণের পর্য্যায়
- রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীর খসরা প্রকাশ এবং দাবী / আপত্তি গ্রহণের পর্য্যায়
- চূড়ান্ত রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীর প্রকাশ

প্রথম পর্য্যায়ে ২৫০০ টা এন আর সি সেবা কেন্দ্র খোলার সঙ্গে সঙ্গে **"লিগেসি ডাটা প্রকাশ"** পর্য্যায়ের আনুষ্ঠানিক সূচনা করা হয়েছে। ১৯৫১ সনের রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী এবং ১৯৭১ সনের ২৪ মার্চ মধ্যরাত্রি পর্য্যন্ত প্রকাশিত ভোটার তালিকাসমূহের তথ্য **যেগুলোকে একসঙ্গে লিগেসি ডাটা বলা হয়,** সব এন আর সি সেবা কেন্দ্র এবং আপনার সমীপবর্ত্তী ভোট গ্রহণ কেন্দ্রগুলো ছাড়াও এন আর সি ওয়েবসাইট (**nrcassam.nic.in**)এ উপলব্ধ আছে। আপনার এলাকার নাগরিকপঞ্জী সেবা কেন্দ্রের স্থান সম্বন্ধে জানতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন বা বিনামূল্যের হেল্পলাইন নম্বর ১৫১০৭ এ ফোন করুন।

### লিগেসি ডাটা সন্ধান করার প্রয়োজনীয়তা কি ?

লিগেসি ডাটায় নাম থাকা পূর্বপুরুষের সঙ্গে যোগসূত্র স্থাপন করাই হচ্ছে উন্নীতকরণ প্রক্রিয়ায় রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে নাম অন্তর্ভূক্তির জন্য যোগ্যতা প্রতিপন্ন করার সহজ উপায়। রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে নাম অন্তর্ভূক্তির জন্য প্রয়োজনীয় আবেদনপত্রে আবেদনকারীর দ্বারা স্থাপিত যোগসূত্রের সঠিক তথ্য উল্লেখ করতে হবে। জনসাধারণের দেখার সুবিধার্থে এন আর সি সেবা কেন্দ্র এবং ভোটগ্রহণ কেন্দ্রগুলোয় লিগেসি ডাটার মুদ্রিত প্রতিলিপি প্রকাশ করা হয়েছে। সব নাগরিকপঞ্জী সেবা কেন্দ্রে (এন এস কে) এবং অনলাইনে (ওয়েবসাইট - nrcassam.nic.in) লিগেসি ডাটার কম্পিউটারসম্ভূত তথ্যও মজুত করে রাখা হয়েছে। **এখন নাগরিকদের শুধু তাদের পূর্বপুরুষের নাম এই লিগেসি ডাটায় খুঁজে দেখতে হবে।**





### লিগেসি ডাটা কোড

রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী উন্নীতকরণ প্রক্রিয়ায় নাগরিকদের নাম অন্তর্ভূক্ত করার জন্য আবেদনপত্রে পূর্বপুরুষের সঙ্গে থাকা যোগসূত্রের সহজ উল্লেখ সম্ভবপর করে তুলতে **"লিগেসি ডাটা কোড"** পদ্ধতির সৃষ্টি করা হয়েছে। লিগেসি ডাটা কোড, লিগেসি ডাটায় নাম থাকা প্রত্যেক ব্যক্তির বিপরীতে প্রদান করা 'xxx-xxxx-xxxx' এই নমুনার ১১ (এগার) সংখ্যার একটি নম্বর। যখনই পূর্বপুরুষের নাম লিগেসি ডাটায় খুঁজে পাওয়া যাবে, আবেদনকারীকে লিগেসি কোডযুক্ত একটি লিগেসি ডাটা শ্লিপ ছেপে দেওয়া হবে। আবেদনপত্র দাখিল করার সময় আবেদনপত্রে এই লিগেসি ডাটা কোড আবেদনকারীর দ্বারা যথাস্থানে উল্লেখ করতে হবে। আবেদনপত্র দাখিল করার প্রক্রিয়া ইংরাজী ২০১৫ সনের এপ্রিল মাসের অন্তিম সপ্তাহে আরম্ভ হবে। উপযুক্ত **লিগেসি ডাটা কোডের** সন্ধান এবং প্রদান / প্রাপ্তির ব্যবস্থা নিম্নে উল্লেখ করা হল ঃ

**(ক) এন আর সি সেবা কেন্দ্রে** - কম্পিউটারের সাহয্যে খুঁজে দেখা বা মুদ্রিত প্রতিলিপিতে খুঁজে দেখার মাধ্যমে।

**(খ) অনলাইন (ওয়েবসাইট - nrcassam.nic.in)**এ - কম্পিউটারের সাহয্যে খুঁজে দেখার মাধ্যমে।

**(গ) ভোটগ্রহণ কেন্দ্রে** - নাগরিকদের দ্বারা মুদ্রিত লিগেসি ডাটার প্রতিলিপি খুঁজে দেখার পর নিকটবর্ত্তী নাগরিকপঞ্জী সেবা কেন্দ্রের (এন এস কে) মাধ্যমে।

কোন নাগরিকের সঙ্গে থাকা লিগেসি ডাটার সংক্ষিপ্ত/প্রত্যায়িত প্রতিলিপির বিপরীতে বৈধ লিগেসি ডাটা কোড প্রদান করার পূর্বে এই প্রতিলিপিগুলো সরকারী কার্য্যালয়স্থিত **লিগেসি ডাটা**র সঙ্গে মিলিয়ে সেগুলোর সত্যতা নিরূপণ করার প্রয়োজন আছে। এক্ষেত্রে নাগরিকদের অকুস্থলেই সত্যাসত্যতা নিরূপণের জন্য এবং বৈধ লিগেসি ডাটা কোড সংগ্রহের জন্য সঙ্গে থাকা সংক্ষিপ্ত/প্রত্যায়িত প্রতিলিপিসহ সমীপবর্ত্তী নাগরিকপঞ্জী সেবা কেন্দ্রে যেতে হবে বা এন আর সি ওয়েবসাইট দেখতে হবে। নাগরিকপঞ্জী সেবা কেন্দ্রে এরকম প্রত্যায়িত/সংক্ষিপ্ত প্রতিলিপির সত্যাসত্যতা নিরূপণ করে লিগেসি ডাটা কোড প্রদান করা সম্ভব না হলেও লিগেসি ডাটার এধরণের প্রতিলিপির প্রদানকারী কর্তৃপক্ষের সঙ্গে থাকা নথির সঙ্গে মিলিয়ে অধিক পরীক্ষা-নিরীক্ষার জন্য এই প্রতিলিপিগুলো গ্রহণ করা হবে।

**উল্লেখযোগ্য যে, কম্পিউটারসম্ভূত লিগেসি ডাটা পদ্ধতিটি নাম খুঁজে দেখার এক সহজ উপায় মাত্র এবং রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে নাম অন্তর্ভূক্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতার এটাই শেষ অবলম্বন নয়। কম্পিউটারসম্ভূত বা মুদ্রিত লিগেসি ডাটায় কোন ব্যক্তির পূর্বপুরুষের নামের উল্লেখ না থাকলেও আবেদনকারী ২৪ মার্চ, ১৯৭১ সনের (মধ্যরাত্রির) পূর্বে প্রদান করা নিম্নলিখিত গ্রহণযোগ্য নথির যেকোন একটি নথি দাখিল করে নিজের নাম অন্তর্ভূক্তির জন্য আবেদন করতে পারবেন। এই নথিসমূহ হ'ল - (১) ভূমিস্বত্বের/রায়তীস্বত্বের নথিপত্র (২) নাগরিকত্বের প্রমাণপত্র (৩) স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র (পিআরসি) (৪) শরণার্থী পঞ্জীয়ন প্রমাণপত্র (৫) পারপত্র (পাসপোর্ট) (৬) ভারতীয় জীবন বীমা নিগমের বীমা পলিসি (৭) সরকার দ্বারা প্রদত্ত অনুজ্ঞাপত্র/প্রমাণপত্র (৮) সরকারী/সার্বজনীন খণ্ডের নিযুক্তি সম্পর্কীয় প্রমাণপত্র (৯) বেংক/ ডাকঘরের হিসাবের নথিপত্র (১০) জন্মের প্রমাণপত্র (১১) বোর্ড / বিশ্ববিদ্যালয়ের শিক্ষাগত প্রমাণপত্র (১২) আদালতের নথি/আদালতের প্রক্রিয়াজনিত নথি (১৩*) বিবাহ সূত্রে অন্য গ্রামে স্থানান্তরিত মহিলার সন্দর্ভে গ্রাম পঞ্চায়েতের সচিব দ্বারা প্রদত্ত এবং স্থানীয় রাজস্ব সার্কল আধিকারীক দ্বারা প্রতিস্বাক্ষরিত প্রমাণপত্র/শহরাঞ্চল থেকে বিবাহের পর অন্য স্থানে স্থানান্তরিত মহিলাদের ক্ষেত্রে রাজস্ব সার্কল আধিকারীক দ্বারা প্রদত্ত প্রমাণপত্র (১৪*) ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রির)র পূর্বে প্রদান করা রেশন কার্ড।**

** ক্রমিক ১৩ এবং ১৪ নম্বরে উল্লেখিত নথি কেবল সমর্থনমূলক নথি হিসেবে গণ্য হবে।*

**প্রণিধানযোগ্য যে, লিগেসি ডাটায় সাধারণত সেইসব ব্যক্তির নাম থাকবে যাদের বয়স ১৯৭১ সনে ২১ বছর ছিল অর্থাৎ যাদের জন্ম ১৯৫০-৫১ সন বা তার পূর্বে হয়েছিল।**



### আবেদনপত্র দাখিল করার সময়সীমা কি ?

**আবেদনপত্র ইং ২০১৫ সনের এপ্রিল মাসের অন্তিম সপ্তাহে জনসাধারণের মধ্যে বিতরণ করা হবে এবং ২০১৫ সনের জুলাই মাসের মধ্যে প্রয়োজনীয় নথি সংলগ্ন করে সম্পূর্ণভাবে পূরণ করা আবেদনপত্র নিকটবর্তী নাগরিকপঞ্জী সেবা কেন্দ্রে দাখিল করতে হবে।** আবেদনপত্র দাখিল করার সন্দর্ভে বিস্তৃতভাবে আলাদা বিজ্ঞাপন প্রচার অভিযান চালানো হবে সঙ্গে নির্দ্দেশনাবলীও জারী করা হবে।

**নাগরিকপঞ্জী সেবা কেন্দ্র বা অনলাইনযোগে লিগেসি ডাটা দেখা এবং লিগেসি ডাটা কোড প্রদান সম্পূর্ণ বিনামূল্যে হবে।**

১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রির) পূর্বে প্রকাশিত যে কোন বৎসরের লিগেসি ডাটা উন্নীতকরণ প্রক্রিয়ায় রাষ্ট্রীয় নাগরিক পঞ্জীতে নাম অন্তর্ভূক্তির জন্য গ্রাহ্য হবে।
লিগেসি ডাটায় ভুল নামের সন্দর্ভে নিরীক্ষণের সময় নিরীক্ষণকারী আধিকারীক দ্বারা যথাবিহীতভাবে উপযুক্ত সাক্ষ্য লিপিবদ্ধ করে সিদ্ধান্ত নেওয়া হবে। শপথনামা দাখিল করলেও তার গ্রহণযোগ্যতা যথোচিত পরীক্ষা-নিরীক্ষার ফলাফলের ওপর নির্ভর করবে।

### আপনার ভূমিকা ঃ

আপনাদের সমর্থন এবং সক্রিয় সহযোগিতা অবিহনে ইতিহাসের এই নতুন অধ্যায়ের সূচনা সম্ভব হবে না। অনুগ্রহ করে রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে নাম অন্তর্ভূক্তির যোগ্যতার জন্য প্রয়োজনীয় নথি-পত্র সংলগ্ন করে সময়মত আবেদনপত্র জমা করার জন্য এখন থেকেই প্রয়োজনীয় নথি-পত্রসমূহ সংগ্রহ করতে আরম্ভ করুন। আসুন, আমরা সবাই ঐক্যবদ্ধভাবে আমাদের নিজের এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি ত্রুটিবিহীন রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী প্রকাশ করার কৃত্তিত্বকে এক সাফল্যের কাহিনীতে রূপান্তরিত করি। বিশদভাবে জানতে এবং সহায়তার জন্য আমাদের বিনামূল্যের হেল্পলাইন নম্বর ১৫১০৭ এ ফোন করুন বা আমাদের ওয়েবসাইট nrcassam.nic.in দেখুন।

| | | | |
|---|---|---|---|
| বিশদভাবে জানতে এবং সহায়তার জন্য | আমাদের টোল ফ্রী হেল্পলাইন নম্বর ১৫১০৭ (15107) | আমাদের ওয়েবসাইট nrcassam.nic.in | *রাজ্যিক সমন্বয়ক, রাষ্ট্রীয় নাগরিক পঞ্জীয়ন, অসমের দ্বারা জনহিতার্থে প্রচারিত।* |

Exclusive/NRC/03-2015/02